

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনি জেনে থাকবেন, স্টেট এই সপ্তাহের শুরুর তিন থেকে আট গ্রেডের শিক্ষার্থীদের নিউ ইয়র্ক স্টেট ম্যাথ ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইএলএ) পরীক্ষার ফল প্রকাশ করেছে।

আমি নিশ্চিত আপনি আপনার সন্তানের ফল জানবার জন্য উতলা। **হেমন্তে সব পরিবার স্টেটের কাছ থেকে ব্যক্তিগতভাবে তাদের সন্তানের পরীক্ষার ফল পাবে।** কোন কোন ক্ষেত্রে আপনার সন্তানকে আরও কাজ করতে হবে তা বুঝতে সাহায্য করার পাশাপাশি আপনার সন্তান অন্যান্য শিক্ষার্থীর তুলনায় কমন করছে তাও এই রিপোর্ট আপনাকে দেখাবে।

এছাড়া, আপনার সন্তানকে যদি জুন মাসে পরবর্তী গ্রেডে প্রমোশন দেয়া না হয়ে থাকে এবং বর্তমানে সে সামার স্কুলে ভর্তি থাকে তাহলে অগাস্টে আপনার সন্তানের সিটিওয়াইড ইএলএ ও ম্যাথ পরীক্ষা দেয়ার প্রয়োজন আছে কিনা তা এই সপ্তাহে আপনাকে আরেকটি চিঠি দিয়ে জানান হবে। এই সিদ্ধান্ত নির্ভর করবে আপনার সন্তানের স্টেটের পরীক্ষার চূড়ান্ত ফলের উপর। সামার স্কুলের সিদ্ধান্ত নেবার সময়ে আমাদের যদি স্টেটের পরীক্ষার ফল জানা থাকত তাহলে আরও বেশি সংখ্যক শিক্ষার্থী সামার স্কুলের জন্য যোগ্যতা অর্জন করত। যেহেতু সামার স্কুল করার জন্য যথাযোগ্য সময়ে এসব পরীক্ষার ফল পাওয়া যায়নি, সেহেতু বর্তমান গ্রেডে সফল হবার জন্য প্রয়োজনীয় বিষয়গত দক্ষতা যেন এসব শিক্ষার্থী অধিগত করতে পারে সেই লক্ষ্যে তাদেরকে স্কুলবছর চলাকালেই বাড়তি সহায়তা জোগান হবে।

আপনি হয়ত স্কুল শুরুর আগেরই আপনার সন্তানের পরীক্ষার ফল জানতে আগ্রহী হতে পারেন, তাই আমরা পিতামাতাদের জন্য অনলাইনে পরীক্ষার ফল লভ্য করছি। সোমবার ১৬ অগাস্ট থেকে আপনি ডিওই-র এআরআইএস প্যারেন্ট লিংক ওয়েবসাইটের মাধ্যমে আপনার সন্তানের পরীক্ষার ফল জানতে পারবেন। ওয়েবসাইটটি আলাদাভাবে একেকজন শিক্ষার্থীর তথ্য দেয়।

- আপনি যদি ইতোপূর্বে এই সাইটে গিয়ে থাকেন, অথবা আপনার কাছে যদি আপনার সন্তানের স্টুডেন্ট আইডি নম্বর এবং সাময়িক পাসওয়ার্ড থাকে, তাহলে লগ ইন করতে সাইটে www.arisparentlink.org ঠিকানায় যান। ওখানে যাবার পর, আপনার সন্তানের ২০১০ স্টেট পরীক্ষার ফল দেখবার জন্য আপনার সন্তানের স্টুডেন্ট প্রোফাইলে ক্লিক করুন।
- বর্তমানে আপনার যদি এরআইএস-এ যাবার অনুমতি না থাকে, তাহলে বিশদ জানতে এই চিঠির শেষাংশ দেখুন।

আপনি জানেন, গত কয়েক বছরে আমরা অভাবনীয় অগ্রগতি লাভ করেছি। কিন্তু এবছর স্টেট পরীক্ষার গ্রেডদান পদ্ধতি বদল করেছে। আপনি জেনে থাকবেন, স্টেট বর্তমানে শিক্ষার্থীদের বিগত বছরগুলোর তুলনায় উঁচু মাপকাঠি অনুসারে বিচার করে। ফলে, গত বছর যে-নম্বর স্তর ৩ বা “দক্ষ” রেটিং লাভ করার জন্য যথেষ্ট ছিল, এবছর তা স্তর ২ বা “প্রাথমিক” রেটিং লাভ করে থাকতে পারে। এই কঠোর গ্রেডিং পদ্ধতির কারণে সমগ্র স্টেট এবং সিটির সার্বিক রেটিং অনেক নেমে গেছে। তবে, সার্বিক রেটিং নেমে যাওয়া সত্ত্বেও, ইএলএ ও ম্যাথ পরীক্ষায় সাধারণভাবে আমাদের শিক্ষার্থীদের নম্বর গত বছরের ফলাফলের সাথে সঙ্গতিপূর্ণ, এবং এমনকি গত বছরের তুলনায় ভাল।

মেয়র ব্লুমবার্গ ও আমি আমাদের শিক্ষার্থীদের জন্য যোগ্যতার মাপকাঠি উঁচু করায় স্টেটের অব্যাহত প্রচেষ্টাকে অভিনন্দন জানিয়েছি। এই মাসের গোড়ায়, স্টেট একটি নতুন ন্যাশনাল কমন কোর স্ট্যান্ডার্ড গ্রহণ করেছে, যা স্কুলে কী শেখান হবে তাকে প্রভাবিত করতে শুরু করবে। এসব আদর্শমান আরও বেশি লেখা, সমস্যা সমাধান এবং বিশ্লেষণাত্মক চিন্তা প্রবর্তন করবে এবং বিভিন্ন বিষয় ও গ্রেড স্তরের মধ্যে শিখন সমন্বয়ে শিক্ষক ও প্রিন্সিপ্যালদের আর ভাল সহায়তা দেবে। এসব নতুন আদর্শমান আগামী বছর আপনার সন্তানের সাথে তাদের কাজকে কীভাবে প্রভাবিত করবে তা নির্ণয়ে প্রিন্সিপ্যাল ও শিক্ষকেরা চলতি গ্রীষ্মে ইতোধ্যেই কাজ করছেন।

আমি প্রত্যাশা করি সিটির প্রতিটি স্কুল স্টেটের পরীক্ষার ফল খুঁটিয়ে বিশ্লেষণ করার পাশাপাশি শিক্ষার্থীরা যেন এসব উচ্চতর আদর্শমানে পৌঁছতে এবং একসময়ে অতিক্রম করতে পারে সেজন্য পার্থক্যে যথোপযুক্ত সামঞ্জস্যবিধান করবে এবং শিক্ষার্থীদের সহায়তা দেবে। আমি আরও প্রত্যাশা করি প্রতিটি স্কুল যেসব ক্ষেত্রে আপনার সন্তানের দক্ষতা ও সামর্থ্য রয়েছে এবং যেসব ক্ষেত্রে তার বাড়তি সহায়তা ও মনোযোগ প্রয়োজন সেগুলো শনাক্ত করতে আপনার ও আপনার সন্তানের সাথে কাজ করবে।



Joel I. Klein
Chancellor

কোন ভুল নেই -- আমরা ইতোমধ্যে সত্যিই দারুণ অগ্রগতিসাধন করেছি, কিন্তু আমরা এটাও উপলব্ধি করি যে আমরা আরও ভাল করতে পারি। যতক্ষণ অবধি প্রতিটি শিক্ষার্থী উচ্চমানের শিক্ষালাভ না করছে এবং যতক্ষণ অবধি প্রত্যেক স্নাতক শিক্ষার্থী কলেজ অথবা পেশার জন্য তৈরি না থাকছে, আমরা হাল ছাড়ব না। পেছনে এবং সামনে তাকিয়ে আমি অতীতের যেকোন সময়ের চেয়ে আশাবাদী যে আমরা এ লক্ষ্যসাধন করতে পারব।

বিশ্বস্ত,

জোয়েল আই. ক্লাইন
চ্যান্সেলর

আপনার কাছে লগইন করার তথ্য না থাকলে এখানে জেনে নিন কীভাবে এআরআইএস প্যারেন্ট লিংকে যেতে হবে:

আপনার সন্তানের স্কুল সেপ্টেম্বর অথবা সামারে যেসব স্কুল খোলা রয়েছে তারা এখন আপনাকে আপনার লগইনের নিয়মকালুন জানাতে পারবে। এছাড়া, ১৬

অগাস্টের সপ্তাহে আপনি আপনার এআরআইএস প্যারেন্ট লিংক লগইন তথ্য জানতে যেকোন বরোর একটি জায়গায় যেতে পারেন। সোমবার ২ অগাস্ট থেকে আমরা

schools.nyc.gov/Accountability/resources/aris এখানে স্থানগুলো সুনির্দিষ্ট করে আলিয়ে দেব।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যেহেতু এআরআইএস প্যারেন্ট লিংক-এ শিক্ষার্থীর গোপন তথ্য থাকে, সেহেতু লগইনের তথ্য পাবার জন্য আপনাকে কোটো আইডি দেখাতে হবে।